মৌলিক কর্মসূচির সমন্বয় সভা (CPCM)

তারিখ ঃ ১৪ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ
স্থান ঃ চট্টগ্রাম সেন্টার ।
সভাপতি ঃ তারিক সাঈদ হারুন, পরিচালক -মৌলিক কর্মসূচি
সচিব ঃ মো ঃ আনোয়ার হোসেন ,আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী ,চট্রগ্রাম অঞ্চল ।

**অংশগ্রহণকারী ঃ** সংস্থার সকল অঞ্চলের আরপিসি, তারিক সাঈদ হারুন-পরিচালক-মৌলিক কর্মসূচী, মাহমুদুল হাসান দিদার-সহকারী পরিচালক-মৌলিক কর্মসূচি, আবদুর রহমান ফরিদ-প্রধান মৌলিক কর্মসূচি, উর্দ্ধতন সমন্বয়কারী মোঃ ফিরোজ আলম, মিজানুর রহমান ও এস এম তৌহিদুল আলম ।

সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই সকলের মতামতের ভিত্তিতে সভার আলোচ্য বিষয় সমূহ নির্ধারণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়গুলো নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম নং</th><th>আলোচ্য বিষয় সমূহ</th><th>আলোচনা ও সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী</th><th>তারিখ</th></tr>
<tr><td></td><td>Previous Meeting Minutes Review</td><td>সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। যে সকল অঞ্চল লক্ষ্য মাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে তাদেরকে ধন্যবাদ জানানো হয় এবং অসমাপ্ত কাজ গুলোর সমাধানের প্রক্রিয়া নিয়ে সকলের সাথে আলোচনা করা হয় ।</td><td>সংশ্লিষ্ট সকল</td><td>চলমান</td></tr>
<tr><td>০১.</td><td>Target & Achievement</td><td>সকলের অংশগ্রহন ও মতামতের ভিত্তিতে অঞ্চল ভিত্তিক মাসিক সঞ্চয় বৃদ্ধি ও বকেয়া হ্রাসের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়।<br><br><table>
<tr><th>অঞ্চলের নাম</th><th>প্রতিমাসে অঞ্চল ভিত্তিক সঞ্চয় বৃদ্ধি (কোটি টাকা)</th><th>বকেয়া হ্রাস (সেপ্টে-২২) লক্ষ টাকায়</th></tr>
<tr><td>ভোলা</td><td>২.২০</td><td>১৬.০০</td></tr>
<tr><td>কক্সবাজার</td><td>১.৫০</td><td>১২.০০</td></tr>
<tr><td>নোয়াখালী</td><td>১.০০</td><td>৮.০০</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>১.০০</td><td>৫.০০</td></tr>
<tr><td>আউটরিচ</td><td>.৫০</td><td>২.৮৫</td></tr>
<tr><td>বরিশাল</td><td>.৮০</td><td>৩.০০</td></tr>
<tr><td>মোট-</td><td>৭.২০</td><td>৪৬.৮৫</td></tr>
</table><br>
• শাখা প্রতি মাসে কমপক্ষে ০৫ লক্ষ টাকা করে সঞ্চয় বৃদ্ধি করতে হবে। যে সকল শাখায় ০৫ থেকে ০৬ রেজিষ্টার রয়েছে, সে সকল শাখায় যথাক্রমে ৬ থেকে ৭ লক্ষ টাকা করে সঞ্চয় বৃদ্ধির পরিকল্পনা করার জন্য বলা হয়। সক্রিয় সদস্যার ৮০% সদস্যকে “কমপক্ষে” নিয়মিত সঞ্চয়ের আওতায় আনতে হবে। কোন অবস্থাতেই ১০০ টাকার নীচে সাপ্তাহিক সঞ্চয় নেওয়া যাবে না। মাসিক ঋণের ক্ষেত্রে কমপক্ষে ৫০০ টাকা সঞ্চয় নিতে হবে।<br>
• জ্বাল স্বাক্ষরের মাধ্যমে সঞ্চয় উত্তোলন করা যাবে না। ইতিমধ্যে কর্মীভিত্তিক সঞ্চয় উত্তোলন/ফেরৎ রেজিষ্টার মাঠে নিশ্চিত করা হয়েছে। সেপ্টেম্বর/২২ থেকে যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য বলা হয়। প্রত্যেক কর্মী মাঠে যাওয়ার সময় কর্মীভিত্তিক রেজিষ্টার সাথে করে নিয়ে যাবে। শাখা ব্যবস্থাপক দৈনিক রেজিষ্টার যাচাই করে উত্তলন/ফেরৎ অনুমোদন দিবেন।<br>
• সেপ্টেম্বর-২০২২ মাসের মধ্যে সকল নিষ্ক্রিয় ডিপিএস সমন্বয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>
• সকল অগ্রসর সদস্যকে ডিপিএস এর আওতায় আনার জন্য বলা হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td><td>সেপ্টে/২২ ইং</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | **OTR** | - ইতিমধ্যে সাপ্তহিক সমিতিতে যে সকল মাসিক ঋন বিতরন করা হয়েছে, তার আদায়যোগ্য সমিতি বার হিসেব করার কারণে বেশিরভাগ সময় নির্দিষ্ট সময়ের আগেই আদায়যোগ্য চলে আসে, ফলে দৈনিক ওটিআর উপর প্রভাব পড়ে। সেক্ষেত্রে প্রত্যেক শাখা থেকে তথ্য সংগ্রহ করে আরপিসি তালিকা সংগ্রহ করবেন। আঞ্চলিক কর্মসূচী সমন্বয়কারী তালিকা অনুয়ায়ী মনিটরিং করতে হবে।<br>- প্রত্যেক সমিতিতে মাসিক ঋন বিতরন না করে কর্মীভিত্তিক বার অনুযায়ী সমিতি করে মাসিক ঋণ বিতরণ করার জন্য বলা হয়।<br>- কোন মতেই OTR ৯৫% নিচে আসতে পারবে না।<br>- শাখায় কোন নতুন বকেয়া দেখানো যাবে না । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৩. | **অগ্রসর, এমডিপি-এএফ,এসইপি** | - বর্তমানে মোট ঋণীর মাত্র-১৯% এং ঋণের মাত্র ৩৭% ঋণ অগ্রসর কম্পনেন্টে রয়েছে। যা খুবই কম। আগামী ডিসেম্বর-২০২২ তারিখের মধ্যে ২৩% এবং ৪২% উন্নিত করতে হবে। সে লক্ষ্যে সকলকে আরো স্পেশাল ঋণের উপর গুরুত্ব দেওয়ার জন্য বলা হয়।<br>- প্রত্যেক সমিতিতে অগ্রসর মাসিক ঋন বিতরন না করে কর্মীর প্রতিদিনের বারের জন্য ০১টি করে মাসিক সমিতি করার জন্য বলা হয়। জেলা পর্যায়ের শাখাগুলোতে আলাদা অগ্রসর রেজিষ্টার চালু করার জন্য বলা হয়।<br>- এমডিপি-এএফ ঋণের স্থিতি কোন অকস্থাতেই দায়ের কম হতে পারবে না।<br>- এসইপি ঋণ বিতরণে আরো সতর্কতা অবলম্বন করার জন্য বলা হয়। এবং প্রকল্পের নির্দেশনা ঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা সংশ্লিষ্ট বিএম/এএম/আরপিসিকে নজর রাখতে বলা হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৪. | **Staff & JICA Training** | - ডিসেম্বর-২২ মধ্যে মাঠ পর্যায়ের সকল সিডিও, বিএ এবং বিএমদের ক্ষুদ্র ঋণ কর্মসূচীর উপর প্রশিক্ষন সম্পন্ন করা হবে। এ বিষয়ে সকলকে প্রস্তুতি নিতে বলা হয়। প্রশিক্ষনের সময়সূচি প্রধান কার্যালয়ে থেকে জানানো হবে।<br>- আগামী ২৪/০৯/২২ইং তারিখে জাইকার প্রোগ্রামের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে। কুতুবদিয়া শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মীসহ ০৫জন এবং দ্বীপ উন্নয়ন সংস্থার থেকে ০৬ জন মোট ১১ জনের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে। প্রশিক্ষনের জন্য চট্রগ্রাম সেন্টার/ব্যুরো নির্ধারন করা যেতে পারে। এ বিষয়ে প্রস্তুতি গ্রহন করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট সকল ও উর্দ্ধতন সমন্বয়কারী -সাইটেপ | সেপ্টেম্বর/ ২২ |
| ০৫. | **Wash Project** | -লক্ষ্যমাত্রা অনুয়ায়ী ওয়াস প্রজেক্টের ঋন বিতরন করা হয়নি। **Wash** প্রকল্পের আওতায় শাখা প্রতি মাসে ৩.৭৫ লক্ষ টাকা- ১৫জন সদস্যকে ঋণ বিতরন করতে হবে। মার্চ/২২ ইং তারিখের মধ্যে বিতরন সম্পন্ন করার জন্য বলা হয়। বিতরনকৃত সদস্যের লেট্রিন বা পানির সরবরাহের কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথেই প্রনোদনা টাকা প্রদান করতে হবে। এক্ষেত্রে অবশ্যই প্রকল্পের নির্দেশনা (নমুনা) মানতে হবে। | সংশ্লিষ্ট সকল | মার্চ'২২ |
| ০৬. | **Internal Audit Feedback** | ➢ অডিট প্রতিবেদনের প্রাপ্ত সমস্যা ভাল ভাবে পড়ে/বুঝে প্রতিবেদনে স্বাক্ষর করতে হবে।<br>➢ কোন বিষয় আপত্তি থাকলে উক্ত বিষয়ে তাৎক্ষনিক আপত্তি জানাতে হবে। অডিট না মানতে চাইলে উত্ত বিষয়ে দ্বিমত লিখে স্বাক্ষর করতে হবে, অন্যথায় অডিট মিটিংয়ের সময় কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না ।<br>➢ অডিট পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অডিট এ্যাকশন প্লান পাঠাতে হবে এবং শাখায় সংরক্ষন ও এ্যাকশন প্লানে উল্লেখিত তারিখ অনুযায়ী সমস্যা সমাধান হয়েছে কিনা তা ফলোআপ করতে হবে। সংশ্লিষ্ট এএম এ বিষয়ে দায়িত্বে থাকবেন এবং আরপিসি যাচাই করবেন।<br>➢ অভ্যন্তরীন অডিটে অমিমাংশিত বিষয়গুলো শাখায় অডিট মিটিংয়ের আগেই সমাধান করতে হবে। -কোন অমিমাংশিত বিষয় রাখা যাবেনা ।<br>➢ শাখায় কোন কর্মীর ৩০০০ টাকা বেশি আত্তসাত পেলে সংশ্লিষ্ট এএমকে জবাবদিহি করতে হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৭. | **MF CIB** | ➢ বর্তমানে চট্রগ্রামের তিনটি শাখায় সিআইবি চলমান আছে।<br>➢ পর্যাক্রমে প্রতিটি শাখায় সিআইবি চালু করা হবে, তাই এখন থেকে প্রস্তুতি হিসেবে সদস্য আইডি কার্ড এর তথ্য সতর্কতার সাথে সফটওয়্যারে পোস্টিং দিতে হবে, আইডি কার্ডের সাথে সদস্যের নাম, আইডি নাম্বার ও অন্যান্য তথ্য মিল থাকতে হবে। যাচাই করে এ বিষয়ে কোন সমস্যা পাওয়া গেলে সংশ্লিষ্ট এলাকা ব্যবস্থাপক ও আরপিসির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৮. | **Honda Policy** | ➢ প্রত্যেক পুরুষ কর্মীদের পর্যায়ক্রমে মটরসাইকেলের আওতায় আনতে হবে, এ ব্যাপারে এখন থেকে সকল সহকর্মীদের ওরিয়েন্ট করতে হবে,বিশেষ করে নারী কর্মীদেরকে উদ্বুদ্ধ করতে হবে। ড্রাইভিং লাইসেন্স করার জন্য কর্মীদেরকে তদারকি করতে হবে। যারা সংস্থার কাজে ইতিপুর্ব থেকে মটরবাইক ব্যবহার করছে তাদের সকলকে সংস্থার নির্দিষ্ট ফরমেটে অঙ্গিকার করতে হবে। এছাড়াও যারা হায়ার | সংশ্লিষ্ট সকল | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পার্সেস মটরসাইকেল ব্যবহার করছেন তাদের সবার নতুন মটরবাইক নীতিমালা অনুযায়ী গাড়ীর স্থিতি ব্যাক্তিগত ঋন হিসেবে নিয়ে সর্বোচ্ছ ৩৬ কিস্তি বা তার কমে পরিশোধ করবো বলে আবেদন করতে হবে। যা আগামী ৩ রা অক্টোবর মাসের মধ্যে সম্পন্ন করে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। নতুন মটরসাইকেলের জন্য আবেদন করার সময় অবশ্যই তত্তাবধায়কগন স্বাক্ষর করার পূর্বে কর্মীর চাকুরীর বয়স বিবেচনা করে ঋনের জন্য (টাকার পরিমান) সুপারিশ করবেন। কর্মীর স্থায়ীকরন না হলে ঋনের জন্য আবেদন করতে পারবে না। বর্তমানে কোন কোন কর্মীর মটরবাইক আছে/নাই তার একটি তালিকা করে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। ইতিপূর্বে যে সকল কর্মী ব্যাক্তিগত মটর সাইকেল ক্রয় করে ফেলেছেন, সংস্থার নীতিমালা অনুযায়ী গাড়ীর মডেল না মিললে তা Consider করার জন্য বলা হয়। | | |
| ০৯. | **Sufolon Loan Policy** | ➢ **বর্তমান নীতিমালা অনুযায়ী মৌসুমী ঋনের কম্পোনেন্ট হবে ২টি।**<br>০১. Seasonal loan (Main Streaming) যা মুল কম্পোনেন্ট হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ এই ঋণ হাতে থাকাকালিন অন্য কোন ঋন যেমন,জাগরন,অগ্রসর বা বুনিয়াদ ইত্যাদি দেওয়া যাবে না। তবে যে কোন প্রকল্প ভিত্তিক ঋন দেওয়া যাবে।<br>২. Seasonal loan (Supplementary): এটি একটি প্রকল্প ভিত্তিক ঋন হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ এটি মুল ঋনের সাথে সাপোটিং ঋণ হিসেবে দেওয়া যাবে।<br>সুফলন ঋনের নীতিমালা শাখা পর্যায়ে আলোচনা করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১০. | **CITEP** | ➢ ইতিমধ্যে নতুন ২জন সাইটেপ কর্মী যোগদান করেছে। আপাতত একজন নোয়াখালী ও একজনকে চট্রগ্রামে অঞ্চলে যোগদান দেয়া হয়েছে। পরবর্তীতে ব্যবস্থাপনার নির্দেশনা অনুযায়ী Re-arrange করা হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১১. | **MF Software** | - সংস্থার শাখার সংখ্যা বেড়ে যাওয়ার ফলে আরো একজন আইটি নিয়োগ দেওয়া হয়েছে এতে করে প্রতিজন আইটি দুইটি অঞ্চলের দায়িত্বে থাকবে।<br>- দিদার ভাই ও তৌহিদ ভাই তাদের ফলোআপের দায়িত্বে থাকবে।<br>- প্রতিদিনের কাজ প্রতিদিন শেষ করে ডে ক্লোজ করতে হবে।<br>- ঋণ বিতরণের সময় সঞ্চয় ট্রান্সফার করে নিতে হবে।<br>- সকল সহকমী ট্যাব ব্যবহার করবেন। যে সকল কর্মীর ট্যাব নষ্ট নিজ মোবাইলে সফটওয়্যার পোস্টিং নিশ্চিত করবেন।<br>- মোবাইল এসএমএস সদস্য পর্যায়ে ১০০% নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সমিতি সভায় আলোচনা করতে হবে।<br>- বড় ঋণের ক্ষেত্রে (৪ লক্ষ তদুর্দ্ধ) সদস্যদের Asset Category Format পূরণ করতে হবে।<br>- সমিতি সেটিংস স্থায়ী ঠিকানায় জেলার নাম সংস্থা যে জেলায় কাজ করে সেই জেলার নাম লিখতে হবে। যেমন কক্সবাজার জেলার কিছু সমিতি বান্দরবন এবং চট্টগ্রাম জেলায় পড়েছে তাই সমিতি সেটিংস এর সময় জেলা চট্টগ্রাম এবং বান্দরবন দেওয়া যাবে না। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১২. | **PKSF visit feedback** | ➢ ইতিমধ্যে পিকেএসএফের ভিজিটরগন (প্যানেল মেম্বার) ভোলা অঞ্চল পরিদর্শন করেন। পরিদর্শনে সমিতি শৃংখলা সঠিকভাবে পাওয়া যায়নি। তাছাড়াও পাশবই ও কালেকশনসীটের সাথে স্থিতি গড়মিল পরিলক্ষিত হয়। তাই সমিতি পর্যায়ে শৃংখলা ফিরিয়ে আনার জন্য নিয়মিত সমিতিতে মিটিং এবং প্রতি সপ্তাহে পাশবইয়ের স্থিতি মিলকরনের জন্য নির্দেশনা দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৩. | **শাখা পরিদর্শন ফিডব্যাক** | ➢ আরপিসি এবং এলাকা ব্যবস্থাপক ফরমেট প্রতিবেদন যাচাই করে বেশ কিছু অসংগতি পরিলক্ষিত হয়। যা প্রতিবেদনের তথ্যের সাথে সরেজমিনে মিল পাওয়া যায়নি। যেমন:- হাতে নগদ ও ব্যাংক স্থিতি, পাস বই যাচাই, ব্যাক্তিগত ফাইল যাচাই, ঋণ ও ভর্তি ফরম যাচাই, অপারেশনাল ভাউচার যাচাই, পরিদর্শন রেজিষ্টার না লিখা ইত্যাদি। এ বিষয়ে সকলকে আরো সতর্ক থাকার জন্য বলা হয়। অন্যথায় আর্থিক জরিমানার আওতায় আনা হবে। | আরপিসি/ এএম | চলমান |
| ১৪. | **Staffing** | ➢ ব্যবস্থাপনার সিদ্ধান্ত অনুযায়ী বিএম/এএম/আরপিসি বদলীর পরিকল্পনা গ্রহন করা হয়েছে। প্রধান কার্যালয়ে থেকে বদলীর নির্দেশনা দেওয়া হবে। | সংশ্লিষ্ট সকল | সেপ্টেম্বর' ২২ |
| ১৫. | **কর্মসংস্থানের তথ্য সংরক্ষন** | - চলতি মাসের ১ লা সেপ্টেম্বর-২০২২ থেকে প্রত্যেকটি ঋণের বীপরিতে (সাপোর্ট ঋণ ছাড়া) শাখা পর্যায়ে কর্মসংস্থানের তথ্য নির্দিষ্ট ফরমেটে সংরক্ষন করার জন্য ইতিমধ্যে নির্দেশনা প্রদান করা হয় এবং এমসিএমে আলোচনা করা হয়। বিষয়টিকে সর্বচ্চ গুরুত্ব প্রদান করার জন্য বলা হয়। এএম/আরপিসি শাখা পরিদর্শনে যাচাই নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট সকল | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | **AoB** | ➢ শাখা জনসংগঠনের দ্বিমাসিক সভা ও আঞ্চলিক জনসংগঠনের কোয়াটারলি সভা চলমান রাখার জন্য বলা হয়। আগামী অক্টোবর-২২ মাসের প্রথম সপ্তাহে আঞ্চলিক জনসংগঠন মিটিং সম্পন্ন করার জন্য বলা হয়। প্রত্যেক সভার মাইনুটস নির্দিষ্ট ফাইলে সংরক্ষন করার জন্য বলা হয় এবং কমিটির নাম নোটিশ বোর্ডে নিশ্চিত করার জন্য বলা হয়।<br>➢ আগামী ২৬ থেকে ২৮ সেপ্টেম্বর ২০২২ "ToT Course on Disability Inclusion in the organizaion" সেন্টার ফর ডিসঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট প্রশিক্ষন সাভার, ঢাকা সেন্টারে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয়।<br>আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন। | সংশ্লিষ্ট সকল | চলমান |

সভাপতি

তারিক সাইদ হারুন
পরিচালক
মৌলিক কর্মসূচী ।

সচিব

মো ঃআনোয়ার হোসেন
আঞ্চলিক কর্মসূচী সমন্বয়কারী
চট্রগ্রাম অঞ্চল ।